



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১



## প্রেস বিজ্ঞপ্তি (অভিনন্দন বার্তা)

বাঙালির স্বপ্ন জয়ের পদ্মা সেতু শুভ উদ্বোধনে জন্য  
মাননীয় প্রধানমন্ত্রীকে জাবি উপাচার্যের অভিনন্দন ও কৃতজ্ঞতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২৫ জুন ২০২২।

বাঙালির স্বপ্ন জয়ের পদ্মা সেতু শুভ উদ্বোধনে জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম।

এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, বাঙালির স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধন বাঙালির ইতিহাস ও অগ্রযাত্রায় নতুন এক মাইলফলক। দেশি-বিদেশি নানা ধরনের ষড়যন্ত্র মোকাবেলা করে পদ্মা সেতুর শুভ উদ্বোধনের মাইলফলক স্থাপনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ কন্যা দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানাই এবং তাঁর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। উপাচার্য বলেন, দেশীয় অর্থে স্বপ্নের এ পদ্মা সেতু নির্মাণ বাংলাদেশের আর্থিক সক্ষমতার এক স্মারক। মাননীয় প্রধানমন্ত্রীর নিরলস পরিশ্রম, দূরদর্শী ও সাহসী নেতৃত্ব বিশ্ব দরবারে আমাদের সম্মান ও গৌরব বৃদ্ধি করেছে। আমরা সকলে এতে আনন্দিত।

উপাচার্য তাঁর অভিনন্দন বার্তায় মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘ কর্মময় জীবন কামনা করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

